

## জয় গান

মুমুর্ষু মানুষকে কয়েক ফোঁটা জল দেবে বলে  
জলদ মেঘ এখন আফগানিস্তানের আশেপাশে ঘোরাফেরা করছে  
মাঝে মাঝে উঁকিবুঁকি মারছে--  
মার্কিনবিমানের ফাঁকফোকর দিয়ে  
কিন্তু বোমাবর্ষণের গর্জন শুষে নিচে মেঘেদের জলকণা  
বোমাবিমান ছিন্নভিন্ন করে দিচ্ছে জলদ মেঘের পেট-মাথা  
বোমা-খাওয়া মানুষের আর্তনাদের তালে তালে  
বিভোর নেচে চলেছে--  
বুশ-মুশারফ-মোল্লা ওমর এবং ওসামা বিন লাদেন  
আর তাদের জয়গানে তালা লেগে যাচ্ছে আমাদের কানে

বিনাথ ভট্টাচার্য

